



# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল নং- bbriaripbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২৩. ৫২৫৩

তারিখঃ

১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

## “আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি”

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির পক্ষে মামলা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতাসম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। আবেদনকারীকে ব্রাহ্মণবাড়িয়া জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮ (আট) বছর যাবৎ আইন পেশায় নিয়োজিত থাকার অভিজ্ঞতা থাকতে হবে। তাছাড়া সে সকল অবসরপ্রাপ্ত জুডিশিয়াল অফিসারগণ বর্তমানে আইন পেশায় নিয়োজিত আছেন তারাও বর্ণিত পদে আবেদন করতে পারবেন।
- ০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৪। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত সমিতি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মাসিক রিটেইনার ফি নির্ধারণ করা হবে। এক্ষেত্রে রিটেইনার ফি মাসিক ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত হতে পারে।
- ০৫। একই সময়ে কোন এ্যাডভোকেট একের অধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত হতে পারবেন না।
- ০৬। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে চুক্তিসম্পাদনকারী যেকোন পক্ষ কমপক্ষে ৩০/- (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৭। বর্ণিত পদে আবেদন করতে ইচ্ছুক প্রার্থীকে খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক সাদা কাগজে নিম্নোক্ত তথ্যসহ আবেদন করতে হবে।

- ক) প্রার্থীর নাম :
- খ) পিতার নাম :
- গ) মাতার নাম :
- ঘ) স্থায়ী ঠিকানা :
- ঙ) বর্তমান ঠিকানা :
- চ) এ্যাডভোকেট হিসেবে এনরোলমেন্টের তারিখ :
- ছ) আইন ব্যবসায়ের সময়কাল :
- ০১। সহকারী জজ কোর্ট/উপজেলা কোর্ট :
- ০২। জজ কোর্ট :
- ০৩। সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন/আপিলেট ডিভিশন :
- জ) পূর্বের আইন উপদেষ্টা পদে অভিজ্ঞতা :
- ঝ) সরকারী/আধাসরকারী/স্বায়তশাসিত অথবা অন্য কোন সংস্থায় বর্তমানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তার বিবরণ :

আবেদনকারীকে অবশ্যই আইনে ডিগ্রি পাশের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট কোর্টে আইন পেশায় নিয়োজিত আছেন মর্মে প্রত্যায়ন পত্র, সম্প্রতিকালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উল্লিখিত পদে নিয়োগ প্রাপ্ত হতে আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত ও প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ১৫/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারী বরাবরে পৌছাতে হবে।

Alom 31.10.23  
(মোঃ আখতার হোসেন)

সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৮। ডিজিএম (কসবা/নবীনগর/আখাউড়া/নাসিরনগর/কসবা সদর) জোনাল অফিস/(সদর কারিগরী), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ০৯। এজিএম (অর্থ-রাজস্ব/হিসাব)/ওএন্ডএম (বিজয়নগর/সুলতানপুর/শিবপুর/শ্যামগ্রাম/অরুয়াইল সাব জোনাল অফিস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ১০। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ব্রাহ্মণবাড়িয়া।
- ১১। এজিএম (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস, পবিসের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ১২। অফিস/মাস্টার কপি/ওয়েবসাইট/নোটিশ বোর্ড।

শারমিন চৌধুরী সূরমা  
এজিএম (মানব সম্পদ)